
# ব্রিষ্টলে আপনাকে স্বাগতম



# সূচীপত্র


সূচীপত্র1

ব্রিষ্টলে স্বাগতম! 3

এই নির্দেশিকাটি কীভাবে ব্যবহার করতে হয়

শীর্ষ পরামর্শ 6

1. আপনার আগমনের পূর্বে 8

সঠিক ভিসা সংগ্রহ করুন 8

আপনার পাসপোর্টটি পরীক্ষা করুন 8

ইউকেতে আপনার কোয়ালিফিকেশনগুলো ব্যবহার 9

ইংরেজি শেখা 9

সামাজিক যোগাযোগ মাধ্যম ও স্থানীয় তথ্য 10

2. আপনার আগমনের পর 12

মাইগ্রেশন সাপোর্ট নেটওয়ার্ক 12

হাউজিং 12

ব্রিষ্টল সিটি কাউন্সিলের অফিস ও পরিষেবাসমূহ 14

দ্য ন্যাশনাল হেলথ সার্ভিস 14

শিশু পরিচর্যা 15

নার্সারী ও স্কুলসমূহ 16

ইউনিয়ন ও পেশাজীবীদের সংস্থাসমূহ 17

পরামর্শ পরিষেবা 17

আপনার জরুরী সাহায্যের দরকার হলে 18

প্রতিবন্ধকত্ব ও অসুস্থতা 19

3. ব্রিষ্টলে কাজ করা 19

দ্য ওয়েজ2ওয়ার্ক ইমপ্লয়মেন্ট সাপোর্ট 19

ওয়েজ2ওয়ার্ক 20

ইমপ্লয়মেন্ট এজেন্সিসমূহ 20

স্থানীয় সংবাদপত্রসমূহ 20

চাকুরীর বিজ্ঞাপনের অন্যান্য উৎসগুলো 21

4. ব্রিষ্টলে বসবাস 22

প্রার্থনার জন্য স্থানসমূহ 22

যানবাহন 22

| | | |
|---|---|---|
| | ব্রিষ্টলের স্থানীয় উচ্চারণ ও ব্রিষ্টল হিউমার | 23 |
| 5. | ব্রিষ্টলের জীবন উপভোগ করা 23 | |
| | বিনামূল্যে প্রবেশের যাদুঘর ও গ্যালারীসমূহ | 24 |
| | কমিউনিটি রেডিও | 24 |
| | ফ্যামিলি ডে আউট | 25 |
| | খেলাধুলার স্থানসমূহ | 26 |
| | হাটা ও ট্যুর | 26 |
| | আচার অনুষ্ঠান | 27 |
| | কমিউনিটি সংক্রান্ত কর্মকাণ্ড | 27 |

# ব্রিষ্টলে স্বাগতম!

সারা বিশ্ব থেকে অভিবাসীদেরকে স্বাগত জানানোর একটি দীর্ঘ ইতিহাস রয়েছে ব্রিষ্টলের। এখানে আসা অভিবাসীদের অবদানকে আমরা মূল্যায়ন করি যারা এই শহরকে সমৃদ্ধ করা অব্যাহত রেখেছে। ব্রিষ্টলের একজন বাসিন্দা হিসেবে আপনি এই শহরটিকে নিজের ঘর হিসেবে বেছে নেবার সিদ্ধান্ত নিয়েছেন। আপনি আপনার লক্ষ্য হাসিল করার উদ্দেশ্য কাজ করার পাশাপাশি এই কমিউনিটি ও শহর, এর ইতিহাস ও লোকজন সম্পর্কে জানতে কিছুটা সময় ব্যয় করুন। এই শহরের ভবিষ্য গঠন ও এর অব্যাহত সফলতা নিশ্চিতে সহায়তা করা এখন আপনার অধিকার ও দায়দায়িত্ব উভয়ই।

ব্রিষ্টল হচ্ছে দক্ষিণ পশ্চিম ইংল্যান্ডের মধ্যে সবচেয়ে বড় শহর যার লোক সংখ্যার পরিমাণ প্রায় আধা মিলিয়ন। ব্রিষ্টলের রয়েছে প্রচুর ইতিহাস যেগুলো শহরের সর্বত্র লক্ষ্য করা যায়। ব্রিষ্টলে থিতু হবার সাথে সাথে আপনার আশে পাশের ব্যাপারে জানার জন্য ভালো একটি উপায় হল শহরটির ইতিহাস ঘেঁটে দেখা। বছর জুড়ে আয়োজিত জনপ্রিয় কিছু উৎসব ও অনুষ্ঠানেরও স্থান হল ব্রিষ্টল যেমন, ব্রিষ্টল ব্যালন ফিয়েস্টা ও দ্য হারবার ফেস্টিভ্যাল।

ব্রিষ্টলে অনেক ধরনের চাকুরী সুযোগ রয়েছে। প্রধান প্রধান সেক্টর যেগুলো এন্ট্রি ও মাঝারি পর্যায়ে প্রচুর সংখ্যক কর্মী নিয়োগ দিয়ে থাকে সেগুলো হলঃ হসপিটালিটি এন্ড ক্যাটারিং, রিটেল, লজিস্টিক (ওয়ার হাউজিং ও ড্রাইভিং), হেলথ এন্ড সোশ্যাল কেয়ার এবং কনস্ট্রাকশান। এছাড়া আরও বিশেষায়িত কিছু কাজের জন্যও ব্রিষ্টলের পরিচিতি রয়েছে, যেমনঃ এরোস্পেস, ক্রিয়েটিভ এন্ড ডিজিটাল, প্রফেশনাল এন্ড ফ্যাইন্যান্সিয়াল সার্ভিস এবং লো কার্বন ইন্ড্রাস্টিজ।

ভিন্ন একটি দেশ থেকে এসে নতুন একটি দেশে নিজেকে গুছিয়ে নেয়া যে কতটুকু কঠিন সেটি আমরা বুঝতে পারি। ব্রিষ্টলকে আপনার নতুন ঘর হিসেবে বেছে নিতে আপনার যাত্রায় সাহায্যার্থে এই ওয়েলকাম প্যাকটি তৈরি করা হয়েছে। আমাদের কমিউনিটিতে আপনার নতুন জীবন শুরুর সাথে সাথে আপনার জন্য চমৎকার সব সুযোগ অপেক্ষা করছে, আর এই প্যাকে প্রদত্ত তথ্যাবলী এই সুযোগের সর্বোত্তম ব্যবহারের ক্ষেত্রে সাহায্যে করবে।

ব্রিষ্টলে স্বাগতম।

ব্রিষ্টল সিটি কাউন্সিল

# এই নির্দেশিকাটি **কীভাবে ব্যবহার করতে হয়**

এই নির্দেশিকাটি আপনার মাতৃভাষাতে অনুবাদ করা হয়েছে, তবে তথ্য ও সাহায্যের জন্য আপনি যেসব ইন্টারনেট লিংকে যাবেন সেগুলো হয়ত শুধুমাত্র ইংরেজিতে পাবেন।

আপনি যদি ইন্টারনেট এক্সপ্লোরার ব্যবহার করেন তাহলে আপনি একটি ওয়েবপেজ যেভাবে অনুবাদ করতে পারেন সেটি হল আপনি যে লেখাটি অনুবাদ করবেন সেটিকে হাইলাইট করে

আপনার মাউসে ডান ক্লিক করবেন, অতঃপর একটি ড্রপ ডাউন মেন্যু দেখতে পাবেন যেখানে ‘ট্রান্সলেট উইথ বিং’ এ যেয়ে প্রদত্ত নির্দেশাবলী অনুসরণ করবেন।
সহজে খুঁজে পাবার জন্য ইন্টারনেন্ট লিংক গুলোকে একটি হাতের চিহ্ন দিয়ে দেখানো হয়েছে।
এই নির্দেশিকাটিকে 5 টি অধ্যায়ে ভাগ করা হয়েছেঃ

1. আপনার আগমনের পূর্বে
2. আপনার আগমনের পর
3. ব্রিষ্টলে কাজ করা
4. ব্রিষ্টলে বসবাস করা
5. ব্রিষ্টলে জীবন উপভোগ করা

ব্রিষ্টলে থিতু হতে আপনার সাহায্যের জন্য প্রতিটি অধ্যায়ে তথ্য প্রদান করা হয়েছে পাশাপাশি আরও সহায়তার জন্য ওয়েবসাইটের লিংকসমূহ রয়েছে। স্মার্ট ফোন, ল্যাপটপ বা ইন্টারনেট ব্যবহার করা যায় এমন যে কোন ডিভাইস ব্যবহারের মাধ্যমে আপনি এসব লিংকে যেতে পারেন।

ইন্টারনেট ব্যবহারের সুযোগ যদি আপনার না থাকে সেক্ষেত্রে অনেকগুলো স্থান রয়েছে যেখানে আপনি বিনামূল্যে ইন্টারনেট ব্যবহার করতে পারেন।
অধিকাংশ লাইব্রেরিতে বিনামূল্যে ব্যবহারের জন্য কম্পিউটার রয়েছে যেখানে আপনি ইন্টারনেট ব্যবহার করতে পারেন। তথ্য পাবার জন্য লাইব্রেরি হল একটি উত্তম জায়গা, যেমন ব্রিষ্টলে কি হচ্ছে, স্থানীয় চাকুরীর বিজ্ঞপ্তি এবং আপনার স্থানীয় এলাকার ব্যাপারে তথ্য। কিছু কিছু লাইব্রেরিতে আপনার ভাষার বই পাওয়া যায় এবং সেটি যদি সেখানে না থাকে আপনি তা অর্ডারের জন্য অনুরোধ করতে পারেন।
আপনার স্থানীয় লাইব্রেরি খুঁজে পেতে সাহায্যের জন্য অনুগ্রহ পূর্বক নিচের লিংকটি অনুসরণ করুন।

- ব্রিষ্টলের লাইব্রেরিসমূহের তালিকা

**সাহায্য ও সহযোগিতা পাওয়া**

জীবন গুছিয়ে নিতে ও সমস্যা সমাধানের জন্য লোকজনদেরকে সাহায্য ও সহযোগিতা প্রদানের জন্য ব্রিষ্টলের প্রত্যেকটা এলাকাতে নানা প্রতিষ্ঠান রয়েছে। আমরা এদেরকে কমিউনিটি এ্যাডভাইজ হিসেবে ডাকি। নানা ধরনের সমস্যার ব্যাপারে কমিউনিটি এ্যাডভাইজ ও সহায়তাকারী প্রতিষ্ঠানগুলো আপনাকে সাহায্য করতে পারবে এবং এই নির্দেশিকাটিতে বর্ণীত কর্মকাণ্ড ও সুযোগ সুবিধাগুলো পাবার ব্যাপারেও তারা আপনাকে সাহায্য করতে পারবে।

আপনার এলাকার একটি সহায়তা প্রদানকারী প্রতিষ্ঠান খুঁজে পেতে নিম্নোক্ত লিংকটি অনুসরণ করুন।

- একটি কমিউনিটি সাপোর্ট গ্রুপ বা প্রতিষ্ঠান খুঁজে পাওয়া।

**ওয়াই ফাই হটস্পট**

আপনার যদি একটি ওয়াই ফাই ডিভাইজ বা স্মার্ট ফোন থাকে তাহলে ব্রিষ্টলে এবং আশেপাশে অবস্থিত অনেক ওয়াই ফাই হটস্পট এরিয়া আপনি ব্যবহার করতে পারেন, এদের মধ্যে ক্যাফে, কফি শপ ও শপিং মল অন্তর্ভুক্ত। ব্রিষ্টলের সকল ওয়াই ফাই স্থানগুলোকে চিহ্নিত করতে একটি ম্যাপের লিংক নিম্নে দেখুন।

- ব্রিষ্টলের চারিপাশের ওয়াই ফাই হটস্পটসমুহ

ব্রিষ্টলে বসত গড়া ও কাজ খুঁজে পাবার ব্যাপারে অন্যান্য অভিবাসীদের কাছ থেকে প্রাপ্ত পরামর্শগুলো দিয়ে একটি সংক্ষিপ্ত অধ্যায়ের মাধ্যমে এই নির্দেশিকাটি শুরু হয়েছে।

# শীর্ষ পরামর্শ

নতুন অভিবাসীদের জন্য প্রতিষ্ঠিত অধিবাসীদের কাছেই প্রকৃতপক্ষে উপকারী তথ্য পাওয়া যায়। নিম্নে সেসব অধিবাসীদের কাছ থেকে পাওয়া কিছু শীর্ষ পরামর্শ তুলে ধরা হল।

1. ইউকেতে আগমনের পূর্বে ইংরেজি শিখুন বা আগমনের পর ইংরেজি ক্লাসে ভর্তি হউন

‘*[আমি]* সত্যিই এখানে নানান প্রতিবন্ধকতার মুখোমুখি হই, স্থানীয় লোকজনের ভাষা খুবই কঠিন মনে হয়। সত্যিই *[আমার]* এগুলো বুঝতে অনেক সমস্যা হয়। অনেকগুলো সোশ্যাল গ্রুপে যোগ দেই যার ফলে লোকজনের হাসি ঠাট্টা ইত্যাদি বোঝা আমার জন্য সহজ হয়’। ফাতিমা *(ই ইউ)*।

2. প্রতিদিন ইংরেজি বলা অভ্যাস করুন।

3. ব্রিটিশ – ব্রিষ্টল সংস্কৃতি বোঝার জন্য কিছু সময় ব্যয় করুন।

4. অনেক ইউকে ব্যবসা প্রতিষ্ঠানের ওয়েবসাইটে চাকুরীর বিজ্ঞাপন পাওয়া যায়। কাজ খোজার জন্য ইন্টারনেট ব্যবহার করুন এবং ব্রিষ্টলে আগমনের পূর্বেই তাদেরও সাথে যোগাযোগ করুন।

5. চাকুরীর সুযোগের জন্য জব সেন্টার, এজেন্সি, স্থানীয় সংবাদপত্র ও রেডিও, ফেসবুক, গামট্রি, চাকুরিদাতাদের ওয়েবসাইট, পরিবার, জাতীয় ও ধর্মীয় নেটওয়ার্কসমূহ ব্যবহার করুন।

'চাকরি পাবার জন্য সঠিক ও হালনাগাদ কাগজপত্র সাথে রাখুন, যেমন, সিভি'। *( এম ঘানা)*

6. সম্ভব হলে আসার পূর্বে দ্য ন্যাশনাল একাডেমিক রিকগনিশন ইনফরমেশন সেন্টার, NARIC এর মাধ্যমে কোয়ালিফিকেশনগুলো ইউকের সমমানের স্বীকৃতি নিয়ে নিন।

*"এমনকি আমি চাকুরীতে আবেদন করার পূর্বে আমি খোঁজ খবর নিচ্ছিলাম যে যদি আমার কোয়ালিফিকেশনগুলোকে গ্রহণ করা হয় তাহলে ইংল্যান্ডে সেগুলো কীভাবে ব্যবহার করা যাবে, আমি অনলাইনে এসব তথ্য পেয়ে যাই, কিছু ফর্ম ও ডকুমেন্ট সহ আমি আমার সব কাগজপত্র পাঠাই এবং সেগুলো ব্রিটিশ সমমানের স্বীকৃতি করিয়ে নেই" (পোল্যান্ড থেকে কাসিয়া)*

7. সম্ভব হলে আপনার সাথে আপনার সিভির পাশাপাশি রেফারেন্সও নিয়ে আসবেন, অথবা রেফারেন্স আনতে না পারলে রেফারেন্সের জন্য ব্রিষ্টলে একজন গণ্যমান্য ব্যক্তিকে খুঁজে বের করুন।

8. কাজের অভিজ্ঞতা ও রেফারেন্স, আপনার ইংরেজি দক্ষতা বাড়ানো ও ব্রিটিশ সংস্কৃতি জানার জন্য অবশ্যই কিছু স্বেচ্ছাসেবামূলক কাজ করবেন।

9. সম্ভাব্য চাকুরীদাতাদের সাথে আপনি আগ বাড়িয়ে যোগাযোগ বা দেখা করার জন্য যান এবং বিভিন্ন দিকে আপনার সিভি দিন।

10. ব্রিষ্টলে আপনার আগমনের পূর্বে বা আগমনের পর সম্ভাব্য চাকুরীদাতাদের সাথে সরাসরি ইমেইল বা ওয়েবপেইজের মাধ্যমে যোগাযোগ করুন।

11. চাকুরী খোঁজা, আর্থিক বিষয়ে পরামর্শ, হাউজিং ও আইনি পরিষেবা পেতে কমিউনিটি এ্যাডভাইজ সার্ভিস ব্যবহার করুন, যেমন সিটিজেন এ্যাডভাইজ ব্যুরো।

# 1. আপনার আগমনের পূর্বে

আপনার আগমনের পূর্বে আপনাকে কিছু কিছু পদক্ষেপ নিতে হবে। আগমনের পূর্বে এসব পদক্ষেপগুলো অনুসরণ করলে ইউকেতে আপনার যাত্রা অনেকটা সহজ হবে।

সঠিক ভিসা গ্রহণ করুন

ইউকেতে বসবাস ও কাজ করার জন্য আপনার একটি ভিসার দরকার হবে। কীভাবে একটি ভিসা পাওয়া যায় সে ব্যাপারে তথ্য নিম্নোক্ত ওয়েবসাইটগুলোতে রয়েছে।

- ভিসা ও ইমিগ্রেশন সংক্রান্ত তথ্য

ভিসার জন্য আবেদন করলে সেটি আপনাকে ইংরেজিতে করতে হবে। একটি ভিসার জন্য আবেদন করার ব্যাপারে আরও তথ্য জানতে নিম্নোক্ত লিংকটিতে ক্লিক করুন।

- একটি ভিসার জন্য আবেদন

ইউকেতে লেখাপড়া, বেড়ানো ও কাজ করার জন্য হয়ত আপনার একটি ভিসার দরকার হতে পারে। আপনার একটি ভিসার দরকার হবে কিনা সেটি জানতে নিম্নোক্ত লিংকটি অনুসরণ করুন।

- আপনার একটি ভিসার দরকার হবে কিনা সেটি দেখুন

পরবর্তী লিংকটি আপনার ভিসা ফি হিসেব করবে। আপনার ভিসা ফি কত হবে সেটি জানতে তথ্য প্রদানের জন্য নিম্নোক্ত লিংকটিতে ক্লিক করুন।

- ভিসা ফিস

আপনার পাসপোর্টটি পরীক্ষা করে দেখুন

ইউকেতে আসার জন্য আপনার একটি বৈধ পাসপোর্টের দরকার হবে এবং আপনার ভিজিটের মেয়াদ পর্যন্ত পাসপোর্টের মেয়াদ ও ভিসা থাকতে হবে। আপনি একটি চাকুরীর জন্য আবেদন করলেও এটির দরকার হবে।

ইউকেতে আপনার কোয়ালিফিকেশনের ব্যবহার

আপনি যেসব কোয়ালিফেকশন ও লেখাপড়া অর্জন করেছেন সেগুলো সবসময় ইউকের সমমানের হবে না। আপনার আন্তর্জাতিক কোয়ালিফিকেশন ইউকের কোয়ালিফিকেশনের সাথে তুলনামূলক একটি স্বীকৃতি পেতে একটি অফিসিয়াল কাগজের জন্য আবেদন করতে অর্থ পরিশোধ করতে হবে। এটি NARIC নামক প্রতিষ্ঠানটি করে থাকে।

এ ব্যাপারে সাহায্য সহযোগিতার জন্য অনুগ্রহ পূর্বক নিম্নোক্ত লিংকটি অনুসরণ করুন।

- [আমার বর্তমানের কোয়ালিফিকেশনগুলো ব্রিটিশ কোয়ালিফিকেশনের সাথে কতটুকু সমমানের?]



ইংরেজি শেখা

নতুন একটি ভাষা শেখা আপনার জন্য অনেক কঠিন হতে পারে, তবে আপনাকে সাহায্যের জন্য ইন্টারনেট ও কমিউনিটিতে ব্যবস্থা রয়েছে। অধিকাংশ চাকুরীর জন্য ইংরেজি বোঝা খুবই গুরুত্বপূর্ণ এবং ব্রিষ্টলে ও ইউকেতে আপনার বসবাস সুন্দর করতেও এটি গুরুত্বপূর্ণ।

আপনার ইংরেজিতে সাহায্যের জন্য ব্রিষ্টলে সম্পন্ন করতে পারেন এমন অনেকগুলো ESOL (ইংলিশ ফর স্পিকার্স অফ আদার ল্যাংগুয়েজ) কোর্স রয়েছে।

ইংরেজি শেখা শুরু করার কাজে সাহায্য করতে পারে এমন অনেকগুলো প্রতিষ্ঠানের লিংক নিম্নে দেয়া হল।

- সিটি অব ব্রিষ্টল কলেজ
- লোকাল লার্নিং
- ESOL ক্লাস – রিফিউজি ওমেন অফ ব্রিষ্টল
- http://www.bristolcourses.com/
- ওয়ার্কার্স এডুকেশনাল এসোশিয়েশন সাউথ ওয়েস্ট
- গভ.ইউকে – আপনার গণিত ও ইংরেজি উন্নত করুন
- এ্যশলি কমিউনিটি হাউজিং – হিমিলো ট্রেনিং সেন্টার
- সিটি একাডেমি

শরণার্থী, আশ্রয় প্রার্থী ও অন্যান্যদের জন্য ইস্টন লার্নিং জোন **ESOL** ও নিউম্যারেসি প্রশিক্ষণ কোর্স প্রদান করে। ঠিকানাঃ 94, Stapleton Rd & 230 Stapleton Road, Easton, Bristol, BS5 0RB. টেলিফোনঃ 0117 941 4114

আপনি একজন জব সিকার (চাকুরী খুঁজছেন এমন ব্যক্তি) হলে বিনামূল্যে ESOL কোর্স করার জন্য আপনি যোগ্য হতে পারেন। এ সম্পর্কে আরও বিস্তারিত ওয়ার্কিং ইন ব্রিষ্টল অধ্যায়ে দেখুন।

এছাড়া ব্রিষ্টলে বেসরকারি বা প্রাইভেট ভাষা শিক্ষা প্রতিষ্ঠানগুলোর মাধ্যমে আপনি ইংরেজি শিখতে পারেন।

ভাষা শেখার জন্য ব্রিষ্টলের স্কুলগুলোর একটি তালিকা আপনি নিম্নোক্ত লিংকের মাধ্যমে পাবেন।

- ভাষা শেখার স্কুলসমূহ

ইংরেজি ভাষার উপর ভালো দক্ষতা নিয়ে আপনি ব্রিষ্টলে আসলে আপনি গণিত বিষয়ের উপর একটি কোর্স করার চিন্তাভাবনা করতে পারেন যেটি উচ্চ শিক্ষার জন্য একটি এক্সেস কোর্স বা আনন্দদায়ক  সান্ধ্যকালীন একটি ক্লাস।

কোর্স সম্পর্কে জানতে ও আবেদনের জন্য নিম্নোক্ত লিংকটি অনুসরণ করুন।

- সিটি অব ব্রিষ্টল কলেজ

এছাড়া অভিবাসী ও আশ্রয় প্রার্থীদেরকে সহায়তার জন্য ব্রিষ্টল ইউনিভার্সিটি বৃত্তি প্রদান সুবিধা চালু করেছে।

আরও তথ্যের জন্য নিম্নোক্ত লিংকটি অনুসরণ করুন।

- ব্রিষ্টল ইউনিভার্সিটি



সামাজিক যোগাযোগ মাধ্যমে ও স্থানীয় তথ্যাবলী

ব্রিষ্টলে আগমনের পূর্বে সামাজিক যোগাযোগের মাধ্যম ও স্থানীয় খবরাখবর জানা একটি ভালো চিন্তা, এটি আপনাকে ব্রিষ্টলের কমিউনিটির সাথে একটি সংযোগ ঘটাতে সাহায্য করবে এবং আপনি  স্থানীয় চাকুরীর খোঁজ খবর জানতে পারবেন।

অনেকগুলো সামাজিক যোগাযোগ মাধ্যমের লিংক এবং স্থানীয় খবরাখবর পরিবেশনকারীদের একটি তালিকা নিচে দেয়া হল। ব্রিষ্টলে কী হতে যাচ্ছে, খবরাখবর ও চাকুরীর বিজ্ঞাপন সম্পর্কিত তথ্য আপনি এসব লিংকের মাধ্যমে জানতে পারবেন।

- ফেসবুক
- স্বেচ্ছাসেবী ও কমিউনিটি সেক্টরে চাকুরী
- টুইটার
- ইকোজ্যাম – ব্রিষ্টলের উৎসব বা অনুষ্ঠানে চাকুরীর খবর ও প্রতিষ্ঠান সম্পর্কে তথ্য
- গামট্রি
- ইনডিড
- রিড
- দ্য পিজন – ব্রিষ্টলের কমিউনিটি সংক্রান্ত খবরাখবর

# 2. আপনার আগমনের পর

আপনাকে সহায়তা প্রদানের জন্য অনেকগুলো দল ও ওয়েবসাইট রয়েছে। একজন অভিবাসী হিসেবে আপনার প্রয়োজন অনুযায়ী সাহায্য করার জন্য নিচে ব্রিষ্টল দল ও জাতীয় পর্যায়ের ওয়েবসাইটগুলোর লিংকের একটি তালিকা দেয়া হল।

মাইগ্র্যান্ট সাপোর্ট নেটওয়ার্ক

- ব্রিষ্টল রিফিউজি রাইটস
- মাইগ্র্যান্ট হেল্প ইউ কে
- ব্রিষ্টল রিফিউজি একশন
- ন্যাশনাল নেটওয়ার্ক ফর ইমিগ্র্যান্টস এন্ড রিফিউজি রাইটস
- ব্রিষ্টল সোমালী ফোরাম
- সোমালী রিসোর্স সেন্টার
- ব্রিষ্টল এন্ড এভন চাইনিজ ওমেন্স গ্রুপ
- এরাবিক ক্লাসেস
- এঙ্গলো পোলিশ সোসাইটি
- অন লাইন নিউজ ফর গ্রিক্স ইন ব্রিষ্টল
- ব্রিষ্টল মুসলিম কালচারাল সোসাইটি
- ব্রিষ্টল ফ্রেঞ্চ সার্কেল
- জার্মান সাটারডে স্কুল
- এশলি কমিউনিটি হাউজিং

হাউজিং



ব্রিষ্টলে আপনার আগমনের পর হাউজিং ও চাইল্ডকেয়ার নিয়ে আপনার চিন্তাভাবনা করা উচিত।

ব্রিষ্টলে হাউজিং বন্দোবস্ত করা খুব কঠিন। আপনি বেসরকারি বা কাউন্সিলের ঘর যেখানেই থাকার সিদ্ধান্ত নেন না কেন সেটি পেতে দীর্ঘ অপেক্ষা করতে হতে পারে। ব্রিষ্টলে ঘর বাড়ীর দাম বেশী এবং এগুলোর চাহিদাও বেশী।

আপনার পছন্দের এলাকাতে উপযুক্ত ঘর বাড়ি খুঁজে পাবার জন্য অনেকগুলো ওয়েবসাইট ও এস্টেট এজেন্টের সাহায্য নিতে পারেন।

ব্রিষ্টলের ভিতরে ঘর বাড়ি খুঁজে পেতে সাহায্যের জন্য নিচে কিছু ওয়েবসাইটের লিংক দেয়া হল। শহরে কেমন মূল্যে কি  ধরণের ঘর বাড়ি রয়েছে সেটি বোঝার জন্যও আপনি এগুলো ব্যবহার করতে পারেন।

- রাইটমুভ
- প্রাইম লোকেশন
- জোপলা
- গামট্রি

কোথাও থাকার জায়গা খোঁজার অন্য আরেকটি উপায় হল স্থানীয় কাউন্সিলের কাছে খোঁজ নেয়া, আর এই ক্ষেত্রে সেটি হল ব্রিষ্টল সিটি কাউন্সিল।

কাউন্সিলের ঘর বাড়ির ব্যাপারে তথ্য পেতে নিম্নোক্ত লিংকটি অনুসরণ করুন।

- ব্রিষ্টল সিটি কাউন্সিল হাউজিং





প্রাইভেট বাড়ির মালিকদের থেকে একটি রুম বা ঘর ভাড়া নেবার জন্য আপনার একটি রেফারেন্সের দরকার হবে। সচরাচর এটি হল আপনার পূর্বের বাড়িওয়ালার কাছ থেকে নেয়া একটি চিঠি যেখানে আপনি একজন ভালো ভাড়াটে ছিলেন এমনটি উল্লেখ থাকবে। একটি ফ্ল্যাট বা ঘর ভাড়া নেবার চাইতে একটি রুম ভাড়া নেয়া অপেক্ষাকৃত কম খরচের। ব্যক্তিগতভাবে ভাড়া নেয়া ও আপনার অধিকারসমূহের ব্যাপারে তথ্যাবলী আপনি নিম্নোক্ত লিংকে পাবেন।

- https://www.bristol.gov.uk/housing/private-tenants

প্রাইভেট হাউজিং এ থাকাকালীন সময় আপনি যে কোন সমস্যার মুখোমুখি হলে সেটি সমাধানে ব্রিষ্টল সিটি কাউন্সিল সাহায্য করতে পারে। হোমলেস বা গৃহহীন হবার ঝুঁকি বা হুমকিতে থাকলে বা আপনি অভিবাসী হবার দরুন অন্যায় আচরণের শিকার হলে কাউন্সিল আপনাকে সাহায্য ও পরামর্শ প্রদান করতে পারে।

আরও তথ্যের জন্য নিম্নোক্ত লিংকটি অনুসরণ করুন।

- ব্রিষ্টল হাউজিং এডভাইজ

হাউজিং সংক্রান্ত আরও সাহায্যের জন্য নিম্নোক্ত লিংকগুলো অনুসরণ করুন।

- পোকামাকড়, দূষণ, শব্দ উপদ্রব ও খাদ্য সম্পর্কিত ব্রিষ্টল সিটি কাউন্সিলের পরামর্শ
- ব্রিষ্টল নেবারহুড এন্ড হোম ওয়াচ নেটওয়ার্ক

## ব্রিষ্টল সিটি কাউন্সিলের অফিস ও পরিষেবাসমূহ

ব্রিষ্টলে আপনি বসবাস করলে ব্রিষ্টল সিটি কাউন্সিলের অনেকগুলো পরিষেবা রয়েছে এবং এ ব্যাপারে এদের দলগুলো আপনাকে সাহায্য করতে পারে। আপনি এসব দলের সাথে কথা বলতে চাইলে তাদের সাথে যোগাযোগের তালিকা ও সাহায্য সহযোগিতার জন্য যেসব স্থানে যাওয়া যাবে তাদের একটি তালিকা নিচের লিংকে দেখুন।

- ব্রিষ্টল সিটি কাউন্সিল কন্টাক্টস

## দ্য ন্যাশনাল হেলথ সার্ভিস

স্বাস্থ্য পরিচর্যা পেতে আপনি নির্দিষ্ট অর্থ পরিশোধ করে থাকলে এবং আপনার ভিসা আবেদন গৃহীত হলে বা সেবা পেতে অর্থ পরিশোধের আপনার দরকার না হলে সেক্ষেত্রে আপনি এন এইচ এস এর চিকিৎসা সুবিধা নিতে পারবেন। স্থানীয় একটি ডাক্তার সার্জারি ও একটি ডেন্টিস্টের সাথে যোগ দেবার জন্য আপনাকে আবেদন করতে হবে। তাদের সার্জারিতে জায়গা না থাকলে অন্য যেসব সার্জারিতে আপনি আবেদন করতে পারবেন সে ব্যাপারে তারা আপনাকে পরামর্শ প্রদান করবে।



আপনার স্থানীয় জিপি (ডাক্তার) সার্জারি খুঁজে পাবার ব্যাপারে আরও তথ্য পাবার জন্য আপনি নিম্নোক্ত লিংকটি অনুসরণ করুন এবং আপনার পোস্ট কোর্ড বা এরিয়া টাইপ করুন।

- ফাইন্ড ইয়োর লোকাল জিপি

আপনার স্থানীয় ডেন্টিস্ট খুঁজে পাবার ব্যাপারে আরও তথ্য পেতে নিম্নোক্ত লিংকটি অনুসরণ করুন।

- ফাইন্ড ইয়োর লোকাল ডেন্টিস্ট



## চাইল্ড কেয়ার বা শিশু পরিচর্যা

ব্রিষ্টলের একটি চাইল্ড কেয়ার প্রদানকারী প্রতিষ্ঠান খুঁজে পেতে নিম্নোক্ত লিংকটি অনুসরণ করুন।

- ফাইন্ড এ চাইল্ড কেয়ার প্রভাইডার

আপনি কি ধরনের চাইল্ড কেয়ার পাবেন সেটি নির্ভর করবে আপনার বাচ্চার বয়সের উপর। 4 বয়সের বেশী বয়সী বাচ্চারা স্কুলে যাবে।
সকল 3-4 বয়সী বাচ্চারা প্রতি বছরে 570 ঘন্টা চাইল্ড কেয়ার বা শিক্ষা পাওয়ার জন্য যোগ্য। আপনার 2 বছর বয়সী বাচ্চাও বিনামূল্যে চাইল্ড কেয়ার পেতে পারে। আপনার বাচ্চা বিনামূল্যে শিক্ষা ও চাইল্ড কেয়ার পাবার যোগ্য কিনা সেটি জানতে নিম্নোক্ত লিংকটি অনুসরণ করুন।

- চাইল্ড কেয়ার বাবদ খরচে সাহায্য

নিচের আরও দুটি উপায়ে ব্রিষ্টলে চাইল্ড কেয়ার সম্পর্কে জানা যাবে। চাইল্ড কেয়ারের জন্য আপনি নিজে অর্থ পরিশোধ করলে আপনার পোস্ট কোড যোগ করে আপনার স্থানীয় চাইল্ড কেয়ার পছন্দ বেছে নিতে পারেন।

- গভ.ইউকে – ব্রাউজ চাইল্ড কেয়ার
- চাইল্ড কেয়ার

চাইল্ড কেয়ার বেছে নেবার ক্ষেত্রে রেফারেন্স গুরুত্বপূর্ণ। আপনি নিয়োগ দিতে চান এমন একজন চাইল্ড কেয়ার ওয়ার্কারের রেফারেন্স জানতে চাওয়া আপনি বা আপনার এজেন্সি নিশ্চিত করবেন। এর মাধ্যমে আপনার বাচ্চার দেখাশুনার জন্য ওয়ার্কার একজন পাশকরা চাইল্ড কেয়ার ওয়ার্কার কিনা সেটি নিশ্চিত হওয়া যাবে।

চিলড্রেন সেন্টারগুলো ব্রিষ্টলের সবখানেই রয়েছে এবং একটি পরিবারের দেখাশুনা ও একটি সুস্থ সুন্দর জীবন উপহার দেবার জন্য তারা পিতামাতাদেরকে সাহায্য সহযোগিতা প্রদান করে। আপনাকে সাহায্য সহযোগিতা প্রদানের জন্য আপনার স্থানীয় চিলড্রেন সেন্টার দায়িত্বপ্রাপ্ত। আপনার স্থানীয় চিলড্রেন সেন্টার সম্পর্কে আরও তথ্য পেতে অনুগ্রহ পূর্বক নিম্নোক্ত লিংকটি অনুসরণ করুন।

- আপনার স্থানীয় চিলড্রেন সেন্টার খুঁজে নিন

খুব বেশী চাহিদা থাকার কারণে বিনামূল্যে ESOL কোর্স প্রদানকারী চিলড্রেন সেন্টারের সংখ্যাও বেশী। আপনার স্থানীয় চিলড্রেন সেন্টারের ESOL কোর্সের খবর নিতে ভুলবেন না।



## নার্সারী ও স্কুলসমূহ

ব্রিষ্টলের ভেতরে ও আশেপাশের অনেক স্কুল ও নার্সারিগুলোতে জায়গা খালি থাকে না, এর মানে হল আপনার বাচ্চা সবসময় তার প্রথম পছন্দের স্কুল বা নার্সারিতে আসন পাবে না।

আপনার বাচ্চাকে স্কুলে পাঠানোর সময় নিচের কিছু পরামর্শসমূহ আপনার কাজে লাগতে পারে।

- একাধিক পছন্দ বেছে নেবার কথা চিন্তা করুন – বাচ্চারা সবসময় তাদের প্রথম পছন্দের স্কুলে ভর্তি হতে পারেনা সুতরাং কয়েকটি স্কুলে আবেদন করা নিশ্চিত করুন।
- কখন আবেদন শুরু করা উচিত সেটি জানা নিশ্চিত করুন।
    - স্কুলে আবেদন করা আপনার পছন্দের স্কুলে কখন ও কীভাবে আবেদন করতে হয় সে ব্যাপারে এই লিংকটি তথ্য প্রদান করে।
- স্কুলের সাথে পরিচিত হউন। একটি স্কুলে আবেদন করার সময় সে স্কুলের নিয়ম কানুন সম্পর্কে জানা জরুরী।

স্কুল সম্পর্কে আরও তথ্য এবং আপনার স্থানীয় স্কুল ও নার্সারিগুলো খুঁজে পেতে নিম্নোক্ত লিংকটি অনুসরণ করুন।

- ব্রিষ্টল স্কুল ও নার্সারিসমূহ

ইউনিয়ন ও পেশাজীবীদের সংস্থা

ইউনিয়নগুলো কর্মীদের স্বার্থ রক্ষার বিষয়টি দেখে এবং কর্মস্থলে আপনি কোন সমস্যার মুখোমুখি বিশেষকরে আপনার প্রতি অন্যায্য আচরণ করা হলে সে ব্যাপারে তারা আপনাকে সাহায্য করতে পারে।

নিম্নে অভিবাসীদের জন্য ইউনিয়নগুলোর লিংকের একটি তালিকা।

- টি ইউ সি
- ইউনিসন
- ইউরোপিয়ান মাইগ্র্যান্ট ওয়ার্কার্স ইউনিয়ন
- ইন্টারন্যাশনাল ট্রেড ইউনিয়ন কনফেডারেশন



এডভাইজ সার্ভিসেস

ব্রিষ্টল ভিত্তিক অনেকগুলো পরিষেবা রয়েছে যাদের মাধ্যমে আপনি অনেকগুলো বিষয়ের উপর সাহায্য পেতে পারেন।

টাকা পয়সা ও ঋণ সংক্রান্ত পরামর্শঃ

- টকিং মানি

এভন এন্ড ব্রিষ্টল ল্ সেন্টার বিনামূল্যে আইনি পরামর্শ প্রদান করে। তারা অনেকগুলো বিষয়ের উপর পরামর্শ প্রদান করে যেমন, বৈষম্য, হাউজিং ও ইমিগ্রেশন।

- এভন এন্ড ব্রিষ্টল ল্ সেন্টার

ব্রিষ্টল সিটিজেন এ্যাডভাইজ ব্যুরো নানান বিষয়ে আপনাকে পরামর্শ দিতে পারে।

- ব্রিষ্টল সিটিজেন এ্যাডভাইজ ব্যুরো

সাউথ ব্রিষ্টল এ্যাডভাইজ সার্ভিস নানান বিষয়ে পরামর্শ প্রদান করে, যার মধ্যে রয়েছে হাউজিং ও ওয়েলফেয়ার অধিকার সংক্রান্ত বিষয়।

- সাউথ ব্রিষ্টল এ্যাডভাইজ

নর্থ ব্রিষ্টল এ্যাডভাইজ সার্ভিস নানান বিষয়ে পরামর্শ প্রদান করে এর মধ্যে রয়েছে হাউজিং ও ওয়েলফেয়ার অধিকার সংক্রান্ত বিষয়।

- নর্থ ব্রিষ্টল এ্যাডভাইজ

হাউজিং ও গৃহহীন বিষয়ের উপর পরামর্শ

- শেল্টার

আপনি যদি মনে করেন যে আপনি ঘৃণা জনিত অপরাধের শিকার সেক্ষেত্রে গোপনীয়তা বজায় রেখে পরামর্শ ও সহযোগিতা প্রদানের জন্য রয়েছে ব্রিষ্টল হেট ক্রাইম সার্ভিস। নিম্নোক্ত লিংকটি আপনাকে তাদের প্রধান ওয়েবপেজে নিয়ে যাবে।

- ব্রিষ্টল হেট ক্রাইম সার্ভিসেস

ব্রিষ্টল ওমেন্স এইড সেসব মহিলাদেরকে সাহায্য করে যারা বর্তমানে পারিবারিক সহিংসতা বা নির্যাতনের শিকার বা অতীতে এর শিকার হয়েছেন।

- ব্রিষ্টল ওমেন্স এইড

## আপনার জরুরী সাহায্যের দরকার হলে

জরুরী সাহায্যের জন্যে **999** নম্বরে ডায়াল করুন।
999 নম্বরটি জরুরী পরিষেবার জন্য। এই নম্বরটি একটি অ্যাম্বুলেন্স, পুলিশ বা ফায়ার সার্ভিসে ডায়াল করার জন্য। আপনার যদি জরুরী চিকিৎসা সেবার দরকার হয় বা আপনি তাৎক্ষনিক বিপদের ঝুঁকিতে থাকেন বা আপনি অগ্নি উৎপাতের শিকার হয়েছেন তাহলে **999** নম্বরে কল করবেন। তারা আপনার সাথে কথা বলবেন এবং যে পরিষেবাটির দরকার সেখানে আপনাকে সংযোগ ঘটিয়ে দিবেন।

111 নম্বরটি চিকিৎসা সংক্রান্ত পরামর্শও প্রদান করতে পারে এমন ক্ষেত্রে যেখানে আপনার সমস্যাটি জরুরী না কিন্তু আপনি আপনার ডাক্তারের জন্য অপেক্ষা করতে পারছেন না।

স্বাস্থ্য সংক্রান্ত আপনার অন্য আর কোন সমস্যা থাকলে আপনি আপনার ডাক্তারের সাথে যোগাযোগ করুন এবং একটি অ্যাপয়েন্টমেন্ট নিন।

## প্রতিবন্ধকত্ব ও অসুস্থতা

আপনার যদি এমন কোন প্রতিবন্ধকত্ব বা শারীরিক সমস্যা থাকে যার দরুন কাজের সমস্যা হয় সেক্ষেত্রে ইউকের আইন বলে যে কাজের সাথে মানিয়ে নিতে আপনি ‘যুক্তিসংগত ছাড়’ পাবেন। এই ছাড়ের মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে সরঞ্জাম প্রদান, আপনার প্রয়োজন উপযোগী

বন্দোবস্ত ও সাপোর্ট ওয়ার্কার পাওয়া। এসব পরিবর্তনের অনেকগুলো সরকারী অর্থায়নে পরিচালিত এক্সেস টু ওয়ার্ক স্কিমের অধীনে পাওয়া যায়।

আপনি নিজে, একটি বাচ্চা বা পরিবারের সদস্যদের কারো প্রতিবন্ধকত্ব বা অসুস্থতা থাকলে নিম্নোক্ত ওয়েবসাইটে প্রদত্ত তথ্য ব্যবহার করে বা স্থানীয় ও জাতীয় পর্যায়ে থাকা সংস্থাগুলোর সহায়তার মাধ্যমে আপনি উপকৃত হতে পারেনঃ

- ডিসএবিলিটি রাইটস ইউকে
- ব্রিষ্টল ডিসএবিলিটি ইকুয়ালিটি ফোরাম
- WECIL (ওয়েস্ট অফ ইংল্যান্ড ইন্ডিপেন্ডেন্ট লিভিং সেন্টার)
- রেমপ্লই
- PLUSS

এসব প্রতিষ্ঠান ও প্রতিবন্ধকত্ব ও অসুস্থতা সম্পর্কিত অন্যান্য পরিষেবার ব্যাপারে আরও তথ্য ওয়েস2ওয়ার্ক এবং ওয়েল এওয়ার ওয়েবসাইটে পাওয়া যাবে।

# 3. ব্রিষ্টলে কাজ করা

ওয়েস**2**ওয়ার্ক ইমপ্লয়মেন্ট সাপোর্ট

ব্রিষ্টলের অধিবাসীদের নানান ধরনের সহায়তা প্রদান করার জন্য ওয়েস2ওয়ার্ক ব্রিষ্টলে সিটি কাউন্সিলের অংশ হিসেবে কাজ করে। ব্রিষ্টলের অধিবাসীদের চাকুরী পেতে সাহায্যের জন্য তারা ব্রিষ্টল ব্যাপী ও ওয়েস্ট ইংল্যান্ডের সহযোগী প্রতিষ্ঠানদের সাথে কাজ করে, তারা চাকুরী মেলা আয়োজন করে, তথ্য প্রচার করে বিশেষ করে তারা এলাকার নানা সাপোর্ট এজেন্সি, কলেজ ও চাকুরীদাতাদের সাথে সংযোগ ঘটিয়ে দেয়।

- ওয়েস**2**ওয়ার্ক

এমপ্লয়মেন্ট এজেন্সিস

ব্রিষ্টলে অনেকগুলো এমপ্লয়মেন্ট এজেন্সি রয়েছে যারা চাকুরী পেতে আপনাকে সাহায্য করতে পারে। তাদের কাছে ফুল টাইম, পার্ট টাইম, স্থায়ী ও সাময়িক চাকুরী রয়েছে।

আপনাকে চাকুরী পেতে সাহায্যের জন্য ব্রিষ্টলের স্থানীয় রিক্রুটমেন্ট এজেন্সিগুলোর একটি তালিকা পেতে নিম্নোক্ত লিংকগুলো অনুসরণ করুন।

- লুসি বারিস্টো অফিস, ব্যবসায় প্রশাসন, আইন, বিপণন/বিক্রয়, পিএ/সেক্রেটারিয়াল, এইচ আর, ফাইন্যান্স ও গ্রাহক সেবা সংক্রান্ত চাকুরী।
- রেড রিক্রুটমেন্ট অ্যাকাউন্টেন্সি, অফিস সাপোর্ট ও কল সেন্টার কর্মী।
- রবার্ট হাফ অ্যাকাউন্টিং, ব্যাংকিং, ফাইন্যান্স, তথ্য প্রযুক্তি ও প্রশাসনে নিয়োগ।
- পার্টটেম্প সাধারণ চাকুরী।

নিচের লিংকটি আপনাকে অন্যান্য স্থানীয় এজেন্সিগুলোকে খুঁজে পেতে সাহায্য করবে।

- রিক্রুটমেন্ট এজেন্সি সার্চ

আরও নানা ধরনের চাকুরী সন্ধান করতে আপনি ‘জব ইন ব্রিষ্টল’ লিখে ওয়েব সার্চও করতে পারেন।




স্থানীয় সংবাদপত্রসমূহ

স্থানীয় সংবাদপত্রগুলোতেও চাকুরীর বিজ্ঞাপন থাকে। যে কোন নিউজ এজেন্ট বা সুপার মার্কেট থেকে আপনি স্থানীয় একটি সংবাদপত্র কিনতে পারেন। ব্রিষ্টলের স্থানীয় সংবাদপত্রটির নাম হল ব্রিষ্টল পোস্ট।

স্থানীয় সংবাদপত্রগুলো অনলাইনেও পাওয়া যায়। আপনার স্থানীয় সংবাদপত্রগুলো পড়তে নিম্নোক্ত লিংকগুলো অনুসরণ করুন।

- ব্রিষ্টল পোস্ট
- বাথ ক্রনিকল

চাকুরীর বিজ্ঞাপনের অন্যান্য উৎসগুলো

jobcentreplus জব সেন্টারস

চাকুরী পেতে ও ইংরেজি শিখতে জব সেন্টারগুলো আপনাকে সাহায্য করতে পারে।

আরও তথ্যের জন্য নিম্নোক্ত লিংকগুলো অনুসরণ করুন

- ফাইন্ড ইয়োর লোকাল জব সেন্টার
- জব সার্চ

স্বেচ্ছাসেবী সেন্টার ও সুযোগ

স্বেচ্ছাসেবক হিসেবে কাজ হল একজন ব্যক্তি যখন একটি প্রতিষ্ঠানে বিনা বেতনে বা শুধুমাত্র খরচের বিনিময়ে কাজ করেন। স্বেচ্ছাসেবক হিসেবে বিনা বেতনে অনেক ধরণের কাজ করতে মানুষ আগ্রহী হয় কারণ -

- এর মাধ্যমে আপনি কাজের অভিজ্ঞতা অর্জন করতে পারেন এবং নতুন একটি দক্ষতা অর্জনে এটি সাহায্য করে
- আপনি আপনার ইংরেজি চর্চা করতে পারেন এবং নতুন বন্ধুবান্ধব বানাতে পারেন
- আপনি অন্যদেরকে ও আপনার কমিউনিটিকে সাহায্য করতে পারেন

স্বেচ্ছাসেবক হিসেবে কাজ করার অনেক সুযোগ ব্রিষ্টলে রয়েছে। স্বেচ্ছাসেবক হিসেবে কাজ করার তথ্য সম্বলিত ওয়েবপেজগুলোর একটি তালিকা আপনি নিচে পাবেন।

- ভলুন্টার ব্রিষ্টল
- ব্রিষ্টল জু
- ডু - ইট
- RSPCA

# 4. ব্রিষ্টলে বসবাস করা

প্রার্থনার স্থানসমূহ

আপনার ধর্ম চর্চার জন্য ব্রিষ্টলে স্থানীয় অনেকগুলো প্রার্থনার জায়গা রয়েছে। প্রার্থনার জন্য ব্রিষ্টলের প্রধান প্রধান স্থান ও তাদের ঠিকানার একটি তালিকা নিম্নোক্ত লিংকে পাবেন।

- প্লেসেস অফ ওরশিপ

যানবাহন

বাস – শহর জুড়ে একটি বিশাল বাস লিংক রয়েছে যেটি আপনাকে শহরে যাতায়াতে সাহায্য করবে।
পাবলিক বাস ট্রান্সপোর্ট সম্পর্কে আরও তথ্যের জন্য নিম্নোক্ত লিংকটি অনুসরণ করুন।

- https://travelwest.info/




বাইক –ব্রিষ্টলে নিরাপদে ও সহজে সাইকেল চালিয়ে যাতায়াতের জন্য অনেকগুলো সাইকেল রুট রয়েছে।



এই মানচিত্রটি হল ব্রিষ্টলের আশেপাশের সবগুলো সাইকেল রুট। নিচের লিংকটি অনুসরণ করুন।

- [সাসট্রান্স সাইকেল রুট]()

ট্রেন – অন্যান্য শহর ও নগরের সাথে ও ব্রিষ্টলে ভেতরে যাতায়াতের জন্য ব্রিষ্টলে একটি ভালো রেল লিংক রয়েছে।

- [ন্যাশনাল রেইল]()

<u>ব্রিষ্টলের স্থানীয় উচ্চারণে কথা বলা ও ব্রিটিশ রসবোধ</u>

ব্রিষ্টলের লোকজন নিজস্ব একটি উচ্চারণে কথা বলে যেটি অন্যান্য শহর থেকে আলাদা। ব্রিষ্টলের প্রচলিত প্রবাদ প্রবচন ও 'ব্রিটিশ রসবোধ' সম্পর্কে জানতে নিম্নোক্ত লিংকের তালিকাটি আপনাকে সেসব পেজে নিয়ে যাবে।

- [বাজফেড]()
- [বর্ন এন্ড ব্রেড ব্রিষ্টোলিয়ান ব্যবল]()
- [বিবিসি ব্রিষ্টল কালচার]()

# 5. ব্রিষ্টলে জীবন উপভোগ

ব্রিষ্টলের আশেপাশে ঘুরে দেখা অনেক উপভোগ্য হতে পারে। নানা উৎসব, যাদুঘর ও পার্কগুলো সম্পর্কে শেষ এই অধ্যায়ে তথ্য প্রদান করা হয়েছে যেগুলো আপনি ব্রিষ্টলে বসবাস ও কাজ করার সময় ঘুরে দেখতে পারেন।




<u>**বিনামূল্যে যাদুঘর ও গ্যালারী** পরিদর্শন</u>

চমৎকার সব যাদুঘর ও গ্যালারীর শহর হল ব্রিষ্টল যেগুলো আপনাকে স্থানীয় ইতিহাস ও সংস্কৃতি সম্পর্কে একটি ধারণা দেবে আর এগুলোতে বিনামূল্যে প্রবেশ করা যায়।

নিচের লিংকটি আপনাকে ব্রিষ্টলের প্রধান যাদুঘরের ওয়েবসাইটে নিয়ে যাবে।

- [ব্রিষ্টল মিউজিয়াম]()

- ব্রিষ্টল যাদুঘর ও আর্ট গ্যালারী ও প্রদর্শনী 3 তলা বিশিষ্ট যেটি বিনামূল্যে পরিদর্শন করা যায়।
- ব্রিষ্টল মিউজিয়াম এন্ড আর্ট গ্যালারী

- এম শেড এমন একটি যাদুঘর যেটি ব্রিষ্টলের বিভিন্ন স্থান, লোকজন ও জীবন সম্পর্কে তথ্য প্রদান করে।
- এম শেড
- দ্য জর্জিয়ান হাউজ যাদুঘরটি আপনাকে যেটি দেখা ও বোঝার সুযোগ দেয় তা হল জর্জিয়ান সময়কালে (300 বছর আগে) একটি ঘর কেমন ছিল এবং সেগুলো কীভাবে চলত সেটি।
- জর্জিয়ান হাউজ
- রেড লজ যাদুঘর আপনাকে 400 বছরেরও অধিক পূর্বের ইতিহাস জানার সুযোগ করে দেয়।
- রেড লজ মিউজিয়াম
- ব্লেইস ক্যাসল হাউজ যাদুঘর – আগের কালে মানুষ কি ধরনের খেলনা খেলত, তারা কি ধরনের পোশাক পরত এবং কীভাবে তারা তাদের ঘরের কাজ কর্ম করত সেটি জানার সুযোগ দেয়।
- ব্লেইস ক্যাসল হাউজ মিউজিয়াম

- ব্রিষ্টল ও এর আশেপাশের এলাকার অতীত ও বর্তমানের নথিপত্র রাখার অফিস হল
- ব্রিষ্টল রেকর্ড অফিস ।
- ব্রিষ্টল রেকর্ড অফিস


কমিউনিটি রেডিও

স্থানীয় তথ্য পাবার জন্য কমিউনিটি রেডিও একটি ভালো উৎস।
ব্রিষ্টল কমিউনিটি এফ এম রেডিও
http://bcfmradio.com/about-bcfm#
উজিমা রেডিও
http://www.ujimaradio.com/


পরিবার নিয়ে বাইরে বেড়ানো

ব্রিষ্টল বিজ্ঞান যাদুঘরটিও বেড়ানোর জন্য একটি চমৎকার জায়গা। আপনার বয়স যাই হোক না কেন বিজ্ঞান সম্পর্কে জানার এটি উপভোগ্য একটি উপায়। বিজ্ঞান সম্পর্কে জানা ও অনুসন্ধানে আপনার জন্য এখানে ব্যবস্থা রয়েছে।

টিকেটের মূল্যসহ আরও অন্যান্য তথ্যের জন্য নিম্নোক্ত লিংকটি অনুসরণ করুন।

- এট ব্রিষ্টল

এছাড়া ব্রিষ্টলে একটি চিড়িয়াখানাও আছে। চিড়িয়াখানায় ঘুরে দেখা পুরো পরিবারের জন্য চমৎকার ও অনেক মজার একটি দিন হতে পারে।

টিকেটের মূল্য সহ অন্যান্য আরও তথ্যের জন্য নিম্নোক্ত লিংকটি অনুসরণ করুন।

- ব্রিষ্টল জু

এছাড়া ব্রিষ্টলে ও এর আশেপাশে ছোট খাট কমিউনিটি ফার্ম থেকে শুরু করে বড় আকারের কিছু ফার্ম রয়েছে।
স্থানীয় ফার্মের একটি তালিকা ও তাদের সম্পর্কে কিছু তথ্য এই লিংকের মাধ্যমে পাবেন। পরিবারের জন্য আরও ভাল কিছু বিষয়ের সন্ধান আপনি এই লিংক ঘেঁটে পেতে পারেন।

- লোকাল ফার্মসমূহ

ব্রিষ্টলের অনেক এলাকাতে লেজার সেন্টার রয়েছে। সেখানে যেয়ে আপনি ব্যায়াম ও খেলাধুলা করতে পারেন।

- লেজার সেন্টার ইন ব্রিষ্টল


ব্রিষ্টলে ও এর আশেপাশে অনেকগুলো পার্ক ও খেলাধুলার স্থান আছে। এদের মধ্যে অনেকগুলোতে বড় উন্মুক্ত স্থান, খেলার জায়গা এবং অনেকগুলোর সাথে পুকুর ও নদী রয়েছে। সবগুলো পার্ক সারাবছর ব্যাপী খোলা থাকে এবং এগুলো ব্যবহারে কোন অর্থ খরচ হয় না। আপনার স্থানীয় পার্কে সারাবছর ব্যাপী কমিউনিটি ইভেন্টের আয়োজন করা হতে পারে।

আপনার কাছাকাছি স্থানীয় পার্কের একটি তালিকা পেতে নিম্নোক্ত লিংকটি অনুসরণ করুন।

- লোকাল পার্কস


খেলাধুলার জায়গা

খেলাধুলার জন্য ব্রিষ্টলে অনেকগুলো দল রয়েছে এগুলো ছোট খাট কমিউনিটি টিম থেকে শুরু করে বড় ধরনের খেলার দল যেমন ব্রিষ্টল সিটি ফুটবল ক্লাব।

খেলাধুলার জন্য ব্রিষ্টলে প্রধানত দুটি জায়গা রয়েছেঃ এ্যস্টন গেট স্টেডিয়াম এবং ব্রিষ্টল মেমোরিয়াল স্টেডিয়াম। সারা বছর ব্যাপী উভয়ই স্টেডিয়ামে নানা অনুষ্ঠানের আয়োজন হয়ে থাকে, এসব ভেন্যুতে অনুষ্ঠিত অনুষ্ঠানগুলোর ব্যাপারে আরও তথ্য ও টিকিটের মূল্য জানতে অনুগ্রহ পূর্বক নিম্নোক্ত লিংকগুলো অনুসরণ করুন।

- এ্যস্টন গেট স্টেডিয়াম
- দ্য মেমোরিয়াল স্টেডিয়াম

 হাটা ও ট্যুর

ব্রিষ্টলের আশেপাশে ঘুরে বেড়ানো আপনাকে ব্রিষ্টল সম্পর্কে আরও বুঝতে ও সেখানে ভালোভাবে নিজেকে মানিয়ে নিতে সাহায্য করবে। ব্রিষ্টলকে ঘুরে দেখার চমৎকার বন্দোবস্ত থাকার ফলে এর গুরুত্বপূর্ণ ভবন ও ঐতিহ্যবাহী স্থাপনাসমূহ সম্পর্কে জানতে আপনার চক্ষু উন্মোচিত হবে পাশাপাশি আপনি ব্রিষ্টলের ইতিহাস জানতে ও বুঝতে পারবেন।

ব্রিষ্টলের আশেপাশে হাটা ও ট্যুরের ব্যাপারে আরও তথ্য জানতে নিম্নোক্ত লিংকগুলো অনুসরণ করুন।

- ব্রিষ্টল ফ্রি ওয়াকিং ট্যুর
- ব্রিষ্টল ওল্ড সিটি হেরিটেজ ট্রায়াল
- সাইটসিং এন্ড ট্যুরস

ব্রিষ্টল ও এর বিখ্যাত স্থানগুলোতে ভ্রমণের আরেকটি উপায় হল উন্মুক্ত বাসে চড়ে ভ্রমণ। ব্রিষ্টল ইনসাইট ট্যুর বাসে করে পরিচালিত ট্যুরে দেড় ঘন্টা পর্যন্ত সময় নিয়ে ব্রিষ্টলের বিভিন্ন এলাকা ঘুরে দেখা যায়। আপনি এই ট্যুরের সুযোগ নিতে পারেন এবং আশে পাশের এলাকা দেখতে আপনি বাসটি থেকে যে কোন স্টপে নেমে যেতে পারেন এবং দেখা শেষ হলে আবারও বাসে উঠতে পারেন।

- ব্রিষ্টল ইনসাইট ট্যুর বাস



আচার অনুষ্ঠান সারা বছর জুড়ে ব্রিষ্টলে নানা ধরনের অনুষ্ঠানের আয়োজন করা হয়। কমিউনিটির অনুষ্ঠান ও উৎসবগুলোতে নিজেকে সম্পৃক্ত করার মধ্য দিয়ে ব্রিষ্টলে আপনার বসবাসকে আরও চমৎকার করে তুলবে। এসব অনুষ্ঠানের অনেকগুলোতে বিনামূল্যে অংশগ্রহণ করা যায়।

ব্রিষ্টলের নানা অনুষ্ঠানের ব্যাপারে আরও তথ্য জানতে নিম্নোক্ত লিংকগুলো অনুসরণ করুন।

- ভিজিট ব্রিষ্টল
- ব্রিষ্টলে কি হচ্ছে?
- ব্রিষ্টল 24/7
- ব্রিষ্টল পোস্ট – হোয়াট ইজ অন?

কমিউনিটি সংক্রান্ত কর্মকাণ্ড

আপনার কমিউনিটিতে নিজেকে অন্তর্ভুক্ত করার মূলে রয়েছে এদের কর্মকাণ্ডে নিজেকে সম্পৃক্ত করা। কমিউনিটিতে আপনার কাছাকাছি একটি কমিউনিটি সেন্টার থাকবে যেখানে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হবে। আপনার আশেপাশে হয়ত স্থানীয় অনুষ্ঠান ও উৎসবের আয়োজন করা হতে পারে যেগুলোতে আপনি নিজেকে সম্পৃক্ত করতে পারেন। এটি আপনাকে বন্ধুবান্ধব বানাতে এবং ব্রিষ্টল ও আপনার স্থানীয় কমিউনিটিতে নিজেকে মানিয়ে নিতে সাহায্য করবে।



আরও তথ্য ও  স্থানীয় কমিউনিটি সেন্টার খুঁজে পেতে সাহায্যের জন্য নিম্নোক্ত লিংকটি অনুসরণ করুন।

- আপনার স্থানীয় কমিউনিটি সেন্টার খুঁজে দেখুন

---

আমরা আশা করি এই নির্দেশিকাটি আপনার কাজে লেগেছে এবং ব্রিষ্টলে আপনার আগমন শুভ হোক আমরা সেই কামনা করি।